অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং- ৫৮.০৭.০০০০.০২৭.০১.০১৫.১৫- ৬৬৬০(৮০)

তারিখঃ ২৫-৭- ১৪২২ বঙ্গাব্দ
২৯-১১- ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **ভুল মুক্তি/জটিলতা এড়ানোর লক্ষে এক কারাগার হতে অন্য কারাগারে ছাড়পত্র/ওয়ারেন্ট অগ্রগামী করার পূর্বে সঠিকতা যাচাই এবং তাতে অগ্রগামী কর্তৃপক্ষের অগ্রগামী করণের স্বপক্ষে স্বাক্ষর/যোগাযোগ করণ প্রসঙ্গে।**

১। অতি সম্প্রতি বিভিন্ন কারাগার হতে **ভুয়া ছাড়পত্র ও জামিননামা** প্রাপ্তির প্রতিবেদন পাওয়া গিয়েছে, যা আদালতে যাচাই করে নিশ্চিত হওয়া গেছে। এছাড়া অনেক সময় ভুয়া ইস্যুকৃত **ওয়ারেন্ট/জামিননামা** এক কারাগার হতে অন্য কারাগারেও অগ্রগামী করা হয়। ফলে অনেক ক্ষেত্রে ভুল ক্রমে বন্দি মুক্তির ঘটনা ঘটতে পারে। এরূপ জটিলতা ও ভুল মুক্তি এড়ানোর লক্ষে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরন করার জন্য বলা হলো ঃ

(ক) যে কোন **ছাড়পত্র/জামিননামা** এক কারাগার হতে অন্য কারাগারে প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট কোর্টে বাস্তবে **যাচাই বাছাই** করে প্রেরণ করতে হবে।

(খ) অগ্রগামী পত্রে সংশ্লিষ্ট কোর্ট হতে **' যাচাই করা হয়েছে"** মর্মে উল্লেখ করতে হবে।

(গ) ভিন্ন জেলার কোর্ট থেকে সরাসরি **ছাড়পত্র/জামিননামা** পাওয়া গেলে তা সংশ্লিষ্ট জেলার কারা কর্তৃপক্ষের মাধ্যমে **যাচাই বাছাই** করে নিতে হবে।

(ঘ) পরবর্তীতে উভয় কারা কর্তৃপক্ষকে **টেলিফোন/পত্র মারফত** নিশ্চিত হতে হবে।

২। উপরোক্ত নির্দেশনা পালন ব্যতীত কোন **ছাড়পত্র/জামিননামা** কার্যকর না করার জন্য বলা হলো।

৩। এ পত্র কারাবিধি বা পূর্বে জারিকৃত সার্কুলারের সাথে সাংঘর্ষিক হবে না।

২৯।১১।১৫
মোঃ ফজলুল কবীর
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☏ - ৭৩০০২২২ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রিয়/জেলা কারাগার।

অনুলিপিঃ

| | |
|---|---|
| কারা উপ মহাপরিদর্শক<br>সকল বিভাগ<br>সকল সদর দপ্তর। | কারাগার পরিদর্শনকালীন সময়ে উক্ত আদেশটি প্রতিপালিত হচ্ছে কিনা তা মনিটর করতে হবে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৭/১৪০৩ (৬৬) তারিখঃ- ২২/১০/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- বন্দীর মুক্তির আদেশের সঠিকতা যাঁচাই প্রসংগে

বরাতঃ- স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৬/৬৭৮ (৬৬) তারিখ- ২৪/৮/২০০৭ খ্রিঃ

১। বন্দীর ভুল মুক্তি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলঃ

ক। মৃত্যুদন্ড প্রাপ্ত, দীর্ঘ মেয়াদী সাজাপ্রাপ্ত ও চিহ্নিত দুর্ধর্ষ প্রকৃতির বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর কারাগার হতে সংশ্লিষ্ট আদালতে যোগাযোগ করে মুক্তির আদেশের সঠিকতা যাচাইয়ের পর সঠিক বন্দীর মুক্তির বিষয়টি নিশ্চিত করণ; এবং

খ। অন্য জেলা কারাগার হতে প্রাপ্ত বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কারাগার ও আদালত হতে অবশ্যই লিখিত/টেলিফোনে নিশ্চিত হওয়ার পরই বন্দীকে মুক্তি প্রদান করা।

(স্বাক্ষর) ২২/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৭/১৪০৩/১ (৪) তারিখঃ- ২২/১০/২০০৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ-মহা পরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হলো।

অতীব জরুরী

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারা উপ-মহা পরিদর্শকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগ
সদর দপ্তর, যশোর।

স্মারক নং-যশো/পি,আর-১/২০০৫/৮০৬ (১৬)                                        তারিখঃ ০৬-০৫-২০০৫ইং।

প্রেরক ঃ **মোঃ আজিজুল হক**
কারা উপ-মহা পরিদর্শক(ভারপ্রাপ্ত)
খুলনা ও বরিশাল বিভাগ,
সদর দপ্তর, যশোর।

প্রাপক ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
যশোর / বরিশাল কেন্দ্রীয় কারাগার।

২। কারা তত্ত্বাবধায়ক,
চুয়াডাঙ্গা জেলা কারাগার।

বিষয় ঃ **আসামীদের জামিন/মুক্তির আদেশের সঠিকতা যাচাই প্রসংগে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন আদালত হতে আপনার কারাগারে প্রেরিত বন্দীদের জামিন/মুক্তির আদেশনামা পাওয়া মাত্রই আদেশনামার সঠিকতা যাচাই না করেই উক্ত আদেশ মোতাবেক কার্যকরি ব্যবস্থা গ্রহন করা হয় কিংবা বন্দী অন্য কারাগারে আটক থাকলে তথায় প্রেরনের ব্যবস্থা করা হয়। মুক্তির আদেশ নামার সঠিকতা যাচাই না করার ফলে অনেক সময় ভুয়া মুক্তির আদেশ/জামিননামার ফলে বন্দী/বন্দীদের ভুল মুক্তি প্রদানের সুযোগ থাকে। প্রাপ্ত মুক্তির আদেশ/জামিননামা যাচাই না করে অন্য কারাগারে প্রেরন করার ফলে সেই কারা কর্তৃপক্ষকে সঠিকতা যাচাই এর জন্য বিভিন্নভাবে যোগাযোগ করতে হয় ফলশ্রুতিতে একদিকে যেমন কাল বিলম্ব হয় তেমনি অপরদিকে সরকারী ব্যয় বিশেষতঃ টেলিফোন ব্যয় বৃদ্ধি পায়।

অতএব, এখন হতে জামিন/মুক্তির আদেশ প্রাপ্তির পর তাৎক্ষনিকভাবে স্থানীয় পর্যায়ে উক্ত আদেশের সঠিকতা যথাযথভাবে যাচাই পূর্বক সংশ্লিষ্ট বন্দীর মুক্তির ব্যবস্থা গ্রহন এবং সঠিকতা সম্পর্কে অগ্রগামী পত্রে প্রত্যয়নসহ তা সংশ্লিষ্ট কারাগারে প্রেরনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

স্মারকটির প্রাপ্তি স্বীকারের জন্য বলা হলো।

(মোঃ আজিজুল হক) ৬/৫/০৫
কারা উপ-মহা পরিদর্শক(ভারপ্রাপ্ত)
খুলনা ও বরিশাল বিভাগ,
সদর দপ্তর,যশোর।

স্মারক নং-যশো/পি,আর-১/২০০৫/ /১                                        তারিখঃ ০৬-০৫-২০০৫ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা সমীপে সবিনয়ে প্রেরন করা হলো। আলোচ্য বিষয়ে অনুরূপ নির্দেশনা অন্যান্য বিভাগস্থ সকল কারাগার সমূহে প্রদানের প্রয়োজনীয়তা উপলব্ধি করায় এ ব্যাপারে যথাযথ কার্যক্রম গ্রহনের জন্য বিনীত অনুরোধ করছি।

(মোঃ আজিজুল হক)
কারা উপ-মহা পরিদর্শক(ভারপ্রাপ্ত)
খুলনা ও বরিশাল বিভাগ,
সদর দপ্তর,যশোর।

নং ১২৪১৬
৩০/৯/০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২

নং-স্বঃমঃ(কারা-২)/বিবিধ-১৬/২০০৭/৫৪৮ তারিখ ঃ ২২/০৯/০৭ খ্রিঃ

নং ... তাং ...
সি. ... :মোঃ:
মুন্সীগঞ্জ।

বিষয় ঃ নিকট আত্মীয়ের মৃত্যু উপলক্ষে কারাবন্দীদের প্যারোল মঞ্জুর প্রসঙ্গে।

সরকার কারাবন্দীদের প্যারোলে মুক্তির বিষয়ে নিম্নরূপভাবে সাধারণ নীতিমালা প্রদান করেছেন ঃ-

(ক) ভি.আই.পি/অন্যান্য বন্দীদের কেবল নিকট আত্মীয় যেমন-বাবা-মা, শ্বশুর-শ্বাশুড়ী, স্বামী/স্ত্রী, সন্তান-সন্ততি মারা গেলে কয়েক ঘন্টার জন্য প্যারোলে তাঁদের মুক্তি দেয়া যাবে।
(খ) সেক্ষেত্রে বন্দীকে সার্বক্ষণিক পুলিশ প্রহরাধীনে রাখতে হবে;
(গ) মুক্তির সময়সীমা কোন অবস্থাতেই ১২ ঘন্টার অধিক হতে পারবে না।
(ঘ) ঢাকা কেন্দ্রীয় কারাগারে বা সাবজেলে আটক বন্দীকে ঢাকা শহর এলাকার বাইরে নেয়া যাবে না। অন্যান্য সিটি কর্পোরেশ এলাকার কেন্দ্রীয় কারাগার/জেলা কারাগার/সাবজেলে আটক বন্দীকে কোন অবস্থায়-ই সিটি কর্পোরেশন এলাকার বাইরে নেয়া যাবে না। জেলা শহরের কেন্দ্রীয় কারাগার/জেলা কারাগার/সাবজেলে আটক বন্দীকে কোন অবস্থায়-ই জেলা শহরের বাইরে নেয়া যাবে না।
(ঙ) মঞ্জুরকৃত প্যারোলের সময়সীমা অতিবাহিত হওয়ার সাথে সাথে বন্দীকে পুনরায় জেলখানায় প্রেরন করতে হবে।

২। নিম্নরূপভাবে প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ নির্ধারণ করা হ'ল ঃ-

(ক) ঢাকা সিটি কর্পোরেশন এলাকার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব।
(খ) অন্যান্য সিটি কর্পোরেশন এলাকার জন্য সি.এম.এম: অনুপস্থিতিতে জেলা ম্যাজিস্ট্রেট।
(গ) অন্যান্য জেলা শহরের জন্য জেলা ম্যাজিস্ট্রেট।

(মোঃ মাহতাব উদ্দিন জমাদার)
উপ-সচিব
ফোন ঃ ৭১৭১৭০৩

বিতরন ঃ

১। অতিরিক্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার ............................(সকল)।
৩। সি. এম. এম ..........................................(সকল)।
৪। জেলা ম্যাজিস্ট্রেট ...মুন্সীগঞ্জ...(সকল)।

Keep it in file

গোপনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/ওইটি-২৮/২০০৫/ তারিখ ঃ ০৮-১১-২০০৫ খ্রিঃ

প্রেরক ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হাসান
কারা মহা পরিদর্শক।

প্রাপক ঃ জনাব [illegible]

বিষয় ঃ **কারাগার থেকে বন্দী ভুল মুক্তি/পলায়ন রোধ প্রসংগে।**

বিগত কয়েক মাসে উদ্বেগের সাথে লক্ষ্য করা গিয়েছে যে, শুধুমাত্র ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে কিছু কয়েদী/হাজতী পালিয়ে যায় । সুরক্ষিত কারাগার থেকে বন্দী পালানোর ঘটনা অনাকাঙ্খিত ও দুঃখজনক। এই ধরনের বন্দী পালিয়ে যাওয়ার ঘটনা শুধু মাত্র কারা কর্তৃপক্ষের সার্বিক দুর্বল ব্যবস্থাপনার প্রতি ইঙ্গিত করে না বরং বিভিন্ন জাতীয় পত্রিকায় এ ধরনের সংবাদ প্রকাশের মাধ্যমে সমগ্র কারা বিভাগের সুনাম ক্ষুন্ন করে, যাহা মোটেও কাম্য নয়।

বর্ণিত পরিস্থিতিতে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য আরো সতর্কতার সাথে পালনের প্রয়োজনীয়তা অনুভুত হচ্ছে । ভবিষ্যতে এমন বন্দী পালানোর ঘটনা রোধ কল্পে সম্ভাব্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণ আরো বেশী দায়িত্ববান হবেন বলে আশা করছি। প্রতিদিন সকল জেলের সংশ্লিষ্ট কর্মকর্তা বন্দীর উপস্থিতির সঠিকতা সম্পর্কে নিশ্চিত হবেন এবং এ মর্মে অধঃস্তনের কাছ থেকে লিখিত প্রতিবেদন গ্রহণ করবেন। এ মুহুর্ত থেকে কোন জেল থেকে কোন বন্দী পালানোর ঘটনা সহজ ভাবে নেয়া হবে না। এ ধরনের কোন অনাকাঙ্খিত ঘটনার পুনরাবৃত্তি হলে সংশ্লিষ্ট সকল পদবীর কর্মকর্তা/কর্মচারীকে দৃষ্টান্ত মূলক শাস্তি প্রদান করা হবে ।

**মোঃ জাকির হাসান**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহা পরিদর্শক।

গোপনীয়

DIG-4

পাবনা জেলা কারাগার
জেলা সুপার
স্মারক নং- তাং-
বিতরণকারী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

| | |
|---|---|
| উচ্চমান সহকারী | |
| অফিস সহকারী | |
| পত্র গ্রহন নং | তাং- ১৬/১/১১ |

স্মারক সংখ্যা পিডি/পরি-১০/২০১০/ ৩১২৪ (২) তারিখঃ ১৬ -১২-২০১০ খ্রিঃ

বিষয় ঃ **ভুল মুক্তি এড়ানোর লক্ষ্যে বন্দী মুক্তি/জামিন প্রদানের ব্যাপারে সতর্কতা অবলম্বন করা প্রসঙ্গে**

সূত্র ঃ তার স্মারক নং- ২২৮৭, তারিখ- ০৪-১১-২০১০ খ্রিঃ

বন্দীদের ভুল মুক্তি এড়ানোর লক্ষ্যে মহামান্য বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ হতে জারীকৃত জামিন নামা/মুক্তির আদেশ নামার বিষয়ে সরাসরি ঢাকা কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার এর সহিত যোগাযোগ করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য বলা হ'ল।

(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৭৩০০৪৬৬ (দপ্তর)।

কারা উপ-মহাপরিদর্শক
রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি ঃ

সিনিয়র জেল সুপার
ঢাকা কেন্দ্রীয় কারাগার।

**কারা উপ-মহা পরিদর্শকের দপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগ**
সদর দপ্তর, রাজশাহী।

স্মারক নং-রাজ/সার্কুলার-১/২০১১/ ১৭৯ (১৭) তারিখঃ ১৮/০১/২০১১ ইং।

**অনুলিপি(জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ-**

১। সিনিয়র জেল সুপার
রাজশাহী/রংপুর কেন্দ্রীয় কারাগার।
২। জেল সুপার
বিভাগস্থ সকল জেলা কারাগার।

পার্থ গোপাল বণিক
কারা উপ-মহা পরিদর্শক(অতিঃ দাঃ)
রাজশাহী ও রংপুর বিভাগ
সদর দপ্তর, রাজশাহী।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে)ঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/ জি এল-৯/৯৪/২৬৮(৭৬)

তারিখঃ ৬ মার্চ'১৯৯৪ইং
22 ফাল্গুন'১৪০০বাং

প্রেরক : ব্রিগেডিয়ার মোহাম্মদ আবুল হোসেন
মহাকারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১) উপ-মহাকারা পরিদর্শক,
সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার।

২) তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

৩) তত্ত্বাবধায়ক,
সকল উপ ও থানা কারাগার।

বিষয় : হাজতী বন্দীদের আদালতে প্রেরণ ও জামিন প্রদান এবং সাজাপ্রাপ্ত বন্দীদের মুক্তি প্রদানের ক্ষেত্রে কারা বিধি ১ম খন্ডের ৯১৭, ৫২৩, ৫৭০ ও ৫৮৪ ধারা যথাযথভাবে অনুসরন প্রসংগে।

আপনার অবগতি ও ভবিষ্যত কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাইতেছে যে, সম্প্রতি ঢাকা কেন্দ্রীয় কারাগারের একজন হাজতী বন্দী প্রতারনার মাধ্যমে ভুঁয়া পরিচয় প্রদান করিয়া অপর একজন বন্দীর হাজিরা পরোয়ানা বলে আদালতে গমন করিতে সক্ষম হয় এবং তথা হইতে জামিনে মুক্তির সুযোগ লাভ করে। ইহা ছাড়াও কারাগারে বন্দীদের বেআইনীভাবে আটকের বিরল ঘটনাও উপেক্ষা করা যায় না। এই ধরনের অবাঞ্ছিত ঘটনা কারা প্রশাসনকে নিঃসন্দেহে ন্যক্কারজনক পরিস্থিতিতে নিপতিত করে।

অতএব, কারাগার হইতে বন্দীদের ভুল মুক্তি প্রদান রোধকল্পে এবং কারাগারে বন্দীদের অবস্থানের বৈধতার ক্ষেত্রে নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে কারা বিধির উল্লেখিত ধারা সমূহ এবং ইহার সহিত সম্পৃক্ত অন্যান্য ধারা সমূহ যথাযথভাবে অনুসরনের জন্য নির্দেশ প্রদান করা হইল।

কারাগারে আটক হাজতী বন্দীদিগকে আদালতের নির্দেশ মোতাবেক আদালতে প্রেরণ এবং জামিনে মুক্তি প্রদানের প্রাক্কালে সংশ্লিষ্ট বন্দীদের হিষ্ট্রি টিকিটে লিপিবদ্ধকৃত নাম, ঠিকানা, মামলার সূত্র ও আদালতে হাজির হওয়ার সর্বশেষ তারিখ ইত্যাদি বর্ণনা ভর্তি রেজিস্টার সহ অন্যান্য রেজিস্টার সমূহে লিখিত তথ্যাদির সহিত মিলাইয়া এবং সনাক্তকরন চিহ্ন তীক্ষ্ণভাবে অবলোকনের পর নিশ্চিত হইয়া আদালতে প্রেরণ/ জামিনে মুক্তি প্রদানের আদেশ কার্যকরী করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতেও নির্দেশ দেওয়া হইল।

সাজাপ্রাপ্ত বন্দীদের মুক্তি প্রদানের ক্ষেত্রে কারা বিধি ১ম খন্ডের ৫২৩ ধারা যথাযথভাবে অনুসরনের জন্যও নির্দেশ প্রদান করা হইল।

মোহাম্মদ আবুল হোসেন
ব্রিগেডিয়ার
মহাকারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ফোন- ৮৬ ৬৮ ৩২ (দপ্তর)।

জে, সি, মজুমদার
২-৩-৯৪ইং।

ডি. আই. জি. প্র
নং. ৯২২ তাং. ২২/১০/০৭

জমা
নথিভুক্ত
নাসিম
কিরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৭/১৪০৩ (৬৬) তারিখঃ- [illegible]/১০/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- বন্দীর মুক্তির আদেশের সঠিকতা যাচাই প্রসংগে

বরাতঃ- স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৬/৬৭৮ (৬৬) তারিখ- ২৪/৮/২০০৭ খ্রিঃ

১। বন্দীর ভুল মুক্তি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল।

ক। মৃত্যুদন্ড প্রাপ্ত, দীর্ঘ মেয়াদী সাজাপ্রাপ্ত ও চিহ্নিত দুধর্ষ প্রকৃতির বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর কারাগার হতে সংশ্লিষ্ট আদালতে যোগাযোগ করে মুক্তির আদেশের সঠিকতা যাচাইয়ের পর সঠিক বন্দীর মুক্তির বিষয়টি নিশ্চিত করণ, এবং

খ। অন্য জেলা কারাগার হতে প্রাপ্ত বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কারাগার ও আদালত হতে অবশ্যই লিখিত/টেলিফোনে নিশ্চিত হওয়ার পরই বন্দীকে মুক্তি প্রদান করা।

(স্বাক্ষর) ২২/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/আইন/এমইটি-২/২০০৭/১৪০৩/১ (৪) তারিখঃ- ২২/১০/২০০৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ-মহা পরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হলো।

(স্বাক্ষর) ২২/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

খালেদ,
=====*৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-১০(সার্কুলার)/২০০৮/ ১২৬৮ (৬৭) তারিখঃ ০৭-৪-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ **ভূয়া পরোয়ানায় বন্দী প্রাপ্তি/ ভূয়া জামিননামায় বন্দী মুক্তি প্রসঙ্গে**

ইদানিং ভূয়া জামিননামা ছাড়াও ভূয়া পরওয়ানা প্রাপ্তির খবর পাওয়া যাচ্ছে, যা উদ্বেগজনক। প্রাপ্ত পরওয়ানা ও মুক্তির আদেশের সঠিকতা সম্ভব সকল উপায়ে যাচাই-বাছাই পূর্বক কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃ নির্দেশ দেয়া হ'ল। অন্য জেলা থেকে প্রাপ্ত পরওয়ানা / মুক্তির আদেশের সঠিকতা যাচাইয়ে তাৎক্ষনিকভাবে / আন্তরিকতাপূর্ন পারস্পরিক সহযোগিতা অপরিহার্য। পারস্পরিক সহযোগিতায় সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে কার্যকর ভূমিকা পালন করতে হবে। ভূয়া আদেশ মূলে বন্দী মুক্তি বা আটকের ঘটনার পুনরাবৃত্তি ঘটলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

স্মারক সংখ্যা পিডি/পরি-১০(সার্কুলার)/২০০৮/ ১২৬৮/১(৪) তারিখঃ ০৭-৪-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির ও অধীন কারাগারসমূহে অনুগ্রহপূর্বক নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করার অনুরোধ করা হ'ল।

কারা উপ মহা পরিদর্শক,
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর,
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

ডি. আই. জি. ডি
নং.৯২২. তাং. ২২/১০/০৭
রহিম
লতিফুর
নাসিম
কিরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং প্রিডি/আইন/এসইটি-২/২০০৭/১৪০৩ (৬৬) তারিখঃ- ২২/১০/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- বন্দীর মুক্তির আদেশের সঠিকতা যাচাই প্রসংগে।

বরাতঃ- স্মারক নং প্রিডি/আইন/এসইটি-২/২০০৬/৬৭৮ (৬৬) তারিখ- ২৪/৮/২০০৭ খ্রিঃ

১। বন্দীর ভুল মুক্তি এড়ানোর লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলঃ

ক। মৃত্যুদন্ড প্রাপ্ত, দীর্ঘ মেয়াদী সাজাপ্রাপ্ত ও চিহ্নিত দুর্ধর্ষ প্রকৃতির বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর কারাগার হতে সংশ্লিষ্ট আদালতে যোগাযোগ করে মুক্তির আদেশের সঠিকতা যাচাইয়ের পর সঠিক বন্দীর মুক্তির বিষয়টি নিশ্চিত করণ; এবং

খ। অন্য জেলা কারাগার হতে প্রাপ্ত বন্দীর মুক্তির আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কারাগার ও আদালত হতে অবশ্যই লিখিত/টেলিফোনে নিশ্চিত হওয়ার পরই বন্দীকে মুক্তি প্রদান করা।

২২/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং প্রিডি/আইন/এসইটি-২/২০০৭/১৪০৩/১ (৪) তারিখঃ- ২২/১০/২০০৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ-মহা পরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর এর দপ্তরে প্রেরণ করা হলো।

২২/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক

৫৭৬
৩০।৮।০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং- পিডি/আইন/এমইটি-২/২০০৬/ ৬৭৮ (৬৬) তারিখ- ২৪ -৮-২০০৬ খ্রিঃ।

প্রেরক ঃ **ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হাসান**
কারা মহা পরিদর্শক
বাংলাদেশ,ঢাকা ।

প্রাপক ঃ সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**বিষয় ঃ মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত বন্দীর মুক্তিদানের পূর্বে কারা অধিদপ্তরকে অবহিত করণ প্রসংগে।**

মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত বন্দীদের মুক্তির ব্যাপারে বিভিন্ন অনিয়ম/কারচুপি/জালিয়াতির আশ্রয় গ্রহণের খবর পাওয়া যাচ্ছে। এ ধরণের বন্দী মুক্তি প্রদানের পূর্বে কোর্টের আদেশের সঠিকতা পুংখানুপুংখভাবে যাচাই করা আবশ্যক। প্রয়োজনে সংশ্লিষ্ট কোর্টের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে মুক্তির আদেশের সঠিকতা নিশ্চিত হওয়া যেতে পারে।

এ ধরণের অনিয়ম/কারচুপি/জালিয়াতি রোধ কল্পে এখন থেকে মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত বন্দী মুক্তিদানের পূর্বে কারা অধিদপ্তরকে অবহিত করতঃ মুক্তি সংক্রান্ত কোর্টের কাগজপত্র যথাযথভাবে পরখ/যাচাইয়ান্তে উহার সঠিকতা নিশ্চিত হয়ে বন্দী মুক্তির যথাযথ ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ইহা সার্কুলার ফাইলে সংরক্ষণ এবং প্রাপ্তি স্বীকার করার জন্য বলা হলো।

মোঃ জাকির হাসান
ব্রিগেডিয়ার জেনালের
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/আইন/এমইটি-২/২০০৬/ ৬৭৮/১(২০) তারিখ- ২৪-৮-২০০৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
উপরোল্লিখিত নির্দেশ যাতে যথাযথভাবে প্রতিপালন করা হয় সে ব্যাপারে তদারকি করার জন্য বলা হলো।

২। সহকারী কারা মহা পরিদর্শক ( সকল) কারা অধিদপ্তর, ঢাকা।

৩। শাখা প্রধান (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।

মোঃ জাকির হাসান
ব্রিগেডিয়ার জেনালের
কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
জেল শাখা-২

নং ২৮৯/এম-১০/৮৫-কারা(২),  তারিখ ৩০-৪-৮৫ ইং

প্রাপক:- মহা.-কারা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

বিষয়:- সামরিক আদালতে সাজাপ্রাপ্ত আসামীদের রিভিউর ফলাফল ব্যতিত মেয়াদ শেষে কারাগার হইতে মুক্তিদান সম্পর্কে।

সূত্র: তাঁহার স্মারক নং জি,এল-২৭/৮৫/৩১৬ তারিখ ১৫-৪-৮৫ ইং

নির্দেশিত হইয়া উপরোক্ত বিষয়ে তাঁহার স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া জানাইতেছি যে সংক্ষিপ্ত সামরিক আইন আদালতে সাজাপ্রাপ্ত কোন কয়েদীর সাজাভোগ করার মেয়াদ শেষ হইবার পূর্বেই আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের নিকট থেকে চূড়ান্ত রিভিউর ফলাফল নিতে হইবে এবং বিশেষ সামরিক আইন আদালতে সাজাপ্রাপ্ত কয়েদীর সাজা ভোগ করার মেয়াদ শেষ হইবার পূর্বে প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ের নিকট থেকে চূড়ান্ত রিভিউর ফলাফল নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে হইবে।

স্বাক্ষর/- মোঃ আমিরুল ইসলাম
শাখা প্রধান।

স্মারক নং আইজিপ্রিজন্স/জিএল-২৭/৮৫/৪৫৯(৫৮)  তারিখ: 29/5/85

অনুলিপি অবগতি ও প্রয়োজন অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য উপ-মহা কারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার, তত্ত্বাবধায়ক, সকল জেলা ও মহকুমা কারাগার এর বরাবরে প্রেরিত হইল।

এ প্রসংগে সরকারকে লিখিত অত্র দপ্তরের স্মারক নং আইজিপ্রিজন্স/জি এল-২৭/৮৫/৩১৬ তারিখ ১৫-৪-৮৫ এবং তৎসংযুক্ত বগুড়া জেলা কারাগারের স্মারক নং ২২৮ তারিখ ২১-১-৮৫ এর অনুলিপি অবগতির জন্য এতদসংগে সংযুক্ত করা হইল।

29/5/85
(কাজী মোঃ আবুল কাশেম)
প্রশাসনিক কর্মকর্তা,
পক্ষে মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ।

এ, হাই/
-----
২৫-৫-৮৫